দৈনিক বাংলা ৩৭।১১।৮০ পৃঃ ৩ কলাম ১

০৭

# চুক্তি বাস্তবায়িত না হইলে কলেজ শিক্ষক সমিতি আন্দোলন শুরু করিবে

(ইত্তেফাক রিপোর্ট)

জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী ১৯৮৫সালের মধ্যে কলেজ শিক্ষা জাতীয়করণের লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) সরকারের প্রতি আহ্বান জানাইয়াছে। বেসরকারী শিক্ষকদের চাকুরীবিধি ও বেতন কাঠামো সম্পর্কে শিক্ষক সমিতি ফেডারেশন ও সরকারের মধ্যে সম্পাদিত গত বৎসরের চুক্তি এই বৎসর ২৫শে ডিসেম্বরের মধ্যে বাস্তবায়িত না হইলে আগামী ৮ই জানুয়ারী বাকশিস আন্দোলনের কর্মসূচী ঘোষণা করিবে।

৩ দিনব্যাপী অনুষ্ঠিত রজত জয়ন্তী ও দ্বিবার্ষিক জাতীয় সম্মেলনের শেষ দিনে গত শুক্রবার গৃহীত অপর এক প্রস্তাবে "বাকশিস" ফিলিস্তিনী জনগণের ন্যায়সংগত অধিকার প্রতিষ্ঠার সংগ্রামের প্রতি একাত্মতা ঘোষণা করে।

অধ্যক্ষ এ,কে,এম, শহীদুল্লাহকে সভাপতি ও অধ্যাপক এম,শরীফুল ইসলামকে মহাসচিব নির্বাচিত করিয়া বাকশিসের ১৯৮০-৮২ সনের জাতীয় কার্যনির্বাহী পরিষদ গঠিত হইয়াছে।

বিশ্বশিক্ষক সংঘের মহাসচিব মিঃ জন,এম, টমসন সমাপ্তি অধিবেশনে শ্রেষ্ঠ সাংগঠনিক জেলা রাজশাহীর প্রতিনিধিকে স্বর্ণপদক এবং অন্য সংগঠকদের মধ্যে পুরস্কার ও সনদপত্র বিতরণ করেন। সিংগাপুরের শিক্ষক প্রতিনিধি হাজী হারুন এবং বাকশিসের বিদায়ী ও নবনির্বা-

(৫ম পৃঃ দ্রঃ)

## চুক্তি বাস্তবায়িত না হইলে

(৩য় পৃঃ পর)

চিত কর্মকর্তারাও সমাপ্তি অধিবেশনে বক্তব্য রাখেন।

### শিক্ষা অফিসারদের প্রতীক ধর্মঘট

শিক্ষা অফিসারদের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের বেতন স্কেল বাস্তবায়ন ও থানা শিক্ষা অফিসারদের ক্যাডার সার্ভিসে অন্তর্ভুক্তিকরণের দাবীতে থানা হইতে জেলা পর্যায় পর্যন্ত শিক্ষা বিভাগের সকল অফিসার গত শুক্রবার প্রতীক ধর্মঘট পালন করেন বলিয়া অফিসারদের সংগ্রাম পরিষদের এক প্রেসবিজ্ঞপ্তিতে জানান হয়।